

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৮৬

পর্ব-১৩: বিবাহ (كتاب النكاح)

পরিচ্ছেদঃ ১১. দ্বিতীয় অনুচ্ছেদ - খুল'ই (খুলা' তলাক) ও তলাক প্রসঙ্গে

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «كُلُّ طَلَاقٍ جَائِزٌ إِلَّا طَلَاقَ الْمَعْتُوهِ وَالْمَغْلُوبِ عَلَى عَقْلِهِ». رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَعَطَاءُ بْنُ عَجَلَانَ الرَّأْوِي ضَعِيفٌ زَاهِبُ الْحَدِيثِ

বাংলা

৩২৮৬-[১৩] আবু হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ নির্বোধ ব্যক্তির তলাক ব্যতীত সর্বপ্রকার তলাক গৃহীত হয়ে থাকে। (তিরমিযী; তিনি বলেন, হাদীসটি গরীব এবং হাদীসের জনৈক বর্ণনাকারী 'আত্বা ইবনু 'আজলান দুর্বল ও ত্রুটিযুক্ত)[1]

ফুটনোট

[1] য'ঈফ : তিরমিযী ১১৯১, ইরওয়া ২০৪২, য'ঈফ আল জামি' ৪২৪০। কারণ এর সনদে 'আত্বা বিন 'আজলান একজন মাতরুক রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: مَعْتُوهٍ এবং مَغْلُوبٌ الْعَقْلُ ব্যতীত সকলের তলাকই বৈধ বা কার্যকর হয়।

مَعْتُوهٍ এর ব্যাখ্যায় বলা হয়েছে «الْمَجْنُونُ الْمُسَابُ فِي عَقْلِهِ» পাগল, যার জ্ঞানের মধ্যে বিকৃতি ঘটেছে। কেউ বলেছেন نَاقِصُ الْعَقْلِ ত্রুটিযুক্ত কিংবা স্বল্প জ্ঞানের অধিকারী।

الْمُرَادُ بِالْمَغْلُوبِ الْعَقْلِ এর তাফসীর বা ব্যাখ্যামূলক শব্দ। কেউ কেউ বলেছেন, الْمُرَادُ بِالْمَغْلُوبِ الْعَقْلِ «السُّكْرَانُ» অর্থাৎ মাগলুব দ্বারা উদ্দেশ্য হলো السُّكْرَانُ নেশাগ্রস্ত মাতাল এবং অপ্রকৃতস্থ ব্যক্তি। এরূপ অপ্রকৃতস্থ বা বিকৃত মস্তিষ্ক পাগলের তলাক কার্যকর হবে কিনা, তা নিয়ে ফুকাহায়ে কিরামের মধ্যে ইখতিলাফ বা মতপার্থক্য

রয়েছে।

মুহাক্কিক সালাফ ও খালাফগণের মতে طَلَقِ الْمَعْتُوهِ কার্যকর হবে না। পূর্বের হাদীসের ব্যাখ্যায় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবী ‘উকবাহ্ ইবনু ‘আমির-এর বক্তব্য তুলে ধরা হয়েছে। তিনি বলেছেন, মাতাল ও জবরদস্তিমূলক তালাক অবৈধ। ইবনু ‘আব্বাস (রাঃ)-এর মতে طَلَقِ السُّكْرَانَ মাতাল বা নেশাগ্রস্ত ব্যক্তির তালাক পতিত হয় না। (মিশকাতুল মাসাবীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68613>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন